NSW GOVERNMENT

**What do I need to know if my child gets a formal caution?**

**Parent/carer information**

# আমার সন্তান আনুষ্ঠানিক সতর্কতা পেলে আমার কী জানা দরকার?

## পিতামাতা/পরিচর্যাকারীর জন্য তথ্য

### উদ্বেগজনক আচরণের জন্য আনুষ্ঠানিক সতর্কতা কী?

উদ্বেগজনক আচরণ হল এমন কিছু যা কেউ করে এবং এর ফলে নিজের বা অন্যদের ক্ষতি বা বিপদের কারণ হতে পারে বা হয়েছে। একটি আনুষ্ঠানিক সতর্কতা একজন শিক্ষার্থীকে মনে করিয়ে দেয় যে তাদের আচরণ নিজের এবং অন্যান্য লোকেদের ক্ষতি বা বিপদের কারণ হতে পারে বা শিক্ষাদান এবং শেখার জন্য একটি অগ্রহণযোগ্য ঝুঁকি তৈরি করে। এটি এমনভাবে তৈরি করা হয়েছে যা আপনাকে এবং আপনার সন্তানকে জানাবে যে তাদের আচরণের উন্নতি করা দরকার।

একটি আনুষ্ঠানিক সতর্কতা হল একটি চিঠি যেখানে আপনার সন্তানের উদ্বেগের আচরণ রেকর্ড করা হয়েছে। আপনার সন্তানকে এই সময়ে বরখাস্ত করা হবে না।

### আমার সন্তান যদি আনুষ্ঠানিক সতর্কতা পায় তাহলে কি হবে?

স্কুল উদ্বেগজনিত আচরণ নিয়ে কথা বলবে এবং আপনার সন্তানের কাছে আনুষ্ঠানিক সতর্কতা ব্যাখ্যা করবে। এছাড়াও অধ্যক্ষ আপনাকে আনুষ্ঠানিক সতর্কতার একটি লিখিত অনুলিপি প্রদান করবেন।

আনুষ্ঠানিক সতর্কতার উদ্দেশ্য হল আপনাকে এবং আপনার সন্তানকে তাদের আচরণের প্রভাব বোঝার জন্য সময় দেওয়া এবং ইতিবাচক আচরণ সমর্থনমূলক কৌশলগুলোকে উৎসাহিত করার জন্য একটি কর্ম পরিকল্পনা নিয়ে আসা। স্কুল আপনাকে এবং আপনার সন্তানকে তার আচরণ নিয়ে আলোচনা করতে এবং আপনার সন্তানের প্রয়োজনীয় সহায়তার পরিকল্পনা বা পর্যালোচনা করার জন্য তাদের সাথে দেখা করার সুযোগ দেবে।

স্কুলের সাথে যে কোনও সভায় আপনি আপনার সাথে একজন সহায়ক ব্যক্তিকে আনতে পারেন।

আনুষ্ঠানিক সতর্কতা ৫০ স্কুল দিবস পর্যন্ত থাকবে। এই সময়ের মধ্যে, একই আচরণ আবার ঘটলে বা উদ্বেগজনক অন্য আচরণের জন্য আপনার সন্তানকে বরখাস্ত করা হতে পারে।

### আমার সন্তান যদি আনুষ্ঠানিক সতর্কতা পায় তাহলে আমি কি করব?

প্রায় প্রতিটি শিশু কখনও কখনও এমন কিছু করে যা স্কুলের নিয়ম বা শিক্ষার্থীদের আচরণবিধি অনুসরণ করে না। কখনও কখনও, যখন এটি ঘটে, একটি আনুষ্ঠানিক সতর্কতা দেওয়া হবে। আপনার সন্তান স্কুলে সমস্যায় পড়লে কী করতে হবে সে সম্পর্কে আরও তথ্য পাওয়া যায়।

যদি আপনার সন্তান একটি আনুষ্ঠানিক সতর্কতা পায়, তাহলে এর অর্থ হল সে এমন ধরনের আচরণ করে যার পরিবর্তন হওয়া প্রয়োজন। আপনার সন্তানের আচরণ নিয়ন্ত্রণ করতে এবং একসাথে সমাধান তৈরি করতে, স্কুলের সাথে আপনার সম্পৃক্ততা অত্যন্ত গুরুত্বপূর্ণ।আনুষ্ঠানিক সতর্কতা সম্পর্কে স্কুলের অধ্যক্ষের সাথে কথা বলুন এবং এর সমাধান বের করতে আপনার সন্তানের সহায়তাকারী দলের সাথে কাজ করুন।

### একই আচরণ আবার ঘটলে কি হবে?

যদি প্রথমবার আনুষ্ঠানিক সতর্কতার ৫০ স্কুল দিবসের মধ্যে উদ্বেগজনক আচরণ আবার ঘটে, তাহলে অধ্যক্ষ আপনার সন্তানকে বরখাস্ত করার সিদ্ধান্ত নিতে পারেন। আপনার সন্তানকে বরখাস্ত করার সিদ্ধান্ত শুধুমাত্র তখনই নিবেন যখন অধ্যক্ষ আপনার শিশুর আচরণ দেখবেন এবং আপনার শিশুর এবং অন্যান্য শিশুদের ব্যক্তিগত চাহিদাগুলো পর্যালোচনা করবেন। শিক্ষার্থীকে বরখাস্ত করা নিয়ে তথ্য পাওয়া যায়।

### যদি এরপরেও আমার কোন উদ্বেগ থাকে তাহলে আমি কি করব?

স্কুলে আপনার সন্তানের শিক্ষা, আচরণ বা সুস্থতা নিয়ে যদি আপনার উদ্বেগ থাকে, তাহলে এই নিয়ে আলোচনা শুরু করার সবচেয়ে ভালো জায়গা হল শিক্ষক, সহকারী অধ্যক্ষ বা উপাধ্যক্ষের সাথে কথা বলা। আপনার সন্তান এবং পরিস্থিতি সম্পর্কে যারা জানেন তাদের সাথে কথা বলে বেশিরভাগ সমস্যার সমাধান করা যেতে পারে।

কখনও কখনও আপনার অন্য কারো সাথে কথা বলার প্রয়োজন হতে পারে। আপনার স্কুল আপনাকে আপনার স্থানীয় শিক্ষা অফিসের সাথে যোগাযোগ করার তথ্য দিতে পারে যারা সাহায্য করতে সক্ষম হতে পারে। আপনার সন্তানের ডাক্তারের সাথে কথা বলার কথাও ভাবুন যদি আপনি মনে করেন আপনার উদ্বেগের চিকিৎসার কারণ থাকতে পারে।

আপনার সন্তানের পক্ষে সমর্থন মূলক আরও তথ্যও পাওয়া যায়, সেইসাথে আমাদের স্কুল কমিউনিটি চার্টারে স্কুলের সাথে যোগাযোগ করার উপায়গুলো দেয়া আছে।

### আমি স্কুল থেকে কি তথ্য পেতে পারি?

কী ঘটেছে ও কেন হয়েছে সে সম্পর্কে আপনি স্কুলকে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করতে পারেন। কোনও সিদ্ধান্তের পিছনে যুক্তি, কী পদক্ষেপ নেওয়া হবে ও আপনার যদি কোনও সমস্যা হয় তবে কী করতে হবে এই সকল বিষয়ে স্কুল আপনাকে অবশ্যই ব্যাখ্যা প্রদান করবে।

### টেলিফোন দোভাষী পরিষেবা

আপনি যদি স্কুলের সাথে যোগাযোগ করতে চান এবং ইংরেজিতে সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তাদের বলুন এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।